

Meeting between External Affairs Minister and Foreign Minister of Portugal

October 14, 2020

ভারতের বিদেশমন্ত্রী এবং পোর্টুগালের বিদেশমন্ত্রীর মধ্যে বৈঠক অক্টোবর 14, 2020

14ই অক্টোবর 2020 তারিখে ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শংকর, তার পর্তুগীজ সমকক্ষ শ্রী অগাস্টো স্যানটোস সিলভার সাথে একটি ভার্চুয়াল বৈঠক করেছেন। উভয় নেতা কোভিড-19 অতিমারির সময় দুই দেশের মধ্যে ব্যাপক সহযোগিতা এবং কোভিডোত্তর পরিস্থিতিতে সম্ভাব্য সহযোগিতা সহ দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধনের বিস্তারিত পর্যালোচনা করেছেন। দুই নেতা গত কয়েক বছরে ঘনঘন উচ্চ-স্তরীয় সফর দ্বারা উজ্জ্বল সাক্ষরপ্রমাণিত দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধনের উর্দ্ধগামী যাত্রাপথের প্রশংসা করেছেন। তারা সহমত হয়েছেন যে, বিশেষত সহযোগিতার নতুন ক্ষেত্রে যেমন অভিবাসন এবং গতিশীল অংশীদারিত্ব, প্রতিরক্ষা সহযোগিতা এবং অর্থনৈতিক বন্ধনকে গভীর করাতে মৈত্রী বন্ধনের ভরবেগ বজায় থাকবে। দুই নেতা ভারত-ইউরোপীয় ইউনিয়ন সম্পর্ক নিয়েও আলোচনা করেছেন এবং 2021 -এ পোর্টুগালের সভাপতিত্বকালে পরবর্তী ভারত-ইইউ27 মন্ত্রীদের বৈঠকে ঘনিষ্ঠভাবে কাজ করতে সহমত হয়েছেন। প্রধানমন্ত্রী অ্যান্টোনিও কোস্টা ইতিমধ্যেই প্রধানমন্ত্রী মোদীকে এর আমন্ত্রণ পত্র প্রেরণ করে দিয়েছেন। তারা বহুপাক্ষিকতাবাদের সংস্কারে তাদের অঙ্গীকারকে পুনরায় সুদৃঢ় করেছেন এবং 2021 থেকে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারতের উপস্থিতিতে বিশেষ উল্লেখপূর্বক আঞ্চলিক এবং সার্বিক সমস্যাগুলিতে ঘনিষ্ঠ যোগাযোগ এবং সমন্বয় বজায় রাখার ক্ষেত্রে সহমত হয়েছেন।

নিউ দিল্লি

অক্টোবর 14, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.